

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, এপ্রিল ২১, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-২ শাখা
প্রজ্ঞাপন

তারিখ, ১৯ এপ্রিল ২০১৬ খ্রিঃ

নং ৪৬.০০.০০০০.০৬৪.৩২.১৩৬.১৫/৩৮৪—যেহেতু আপনি জনাব মোঃ আবু সাঈদ শ্রীবরদী পৌরসভায় মেয়র পদে নির্বাচিত হয়ে দায়িত্ব পালন করছেন; এবং

যেহেতু আপনি শ্রীবরদী উপজেলার ইউনিয়ন পরিষদ নির্বাচন, ২০১৬ চলাকালে পৌরসভার গাড়ী নিয়ে বিনা অনুমতিতে বিভিন্ন নির্বাচন কেন্দ্রে ঘোরাঘুরি করেছেন; এবং

যেহেতু আপনি একজন নির্বাচিত জনপ্রতিনিধি হিসাবে নির্বাচন আচরণ বিধি ভঙ্গ করে নির্বাচনে দায়িত্ব পালনকালীন কর্মকর্তার সাথে অসদাচরণ করেছেন; এবং

যেহেতু আপনার উপর্যুক্ত কার্যকলাপ স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ৩২(১)(ঘ) ধারা মোতাবেক অসদাচরণ এবং ক্ষমতার অপব্যবহারের সামিল; এবং

সেহেতু স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩১(১) বিধান মোতাবেক জনাব মোঃ আবু সাঈদ, মেয়র, শ্রীবরদী পৌরসভা, শেরপুর-কে নির্দেশক্রমে সাময়িকভাবে বরখাস্ত করা হ'ল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হ'ল এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
এ, কে, এম আনিছুল্লাহমান
সহকারী সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd

(৫০৩৯)

মূল্য : টাকা ৪.০০